

# আজ থেকে প্রাথমিক শিক্ষকদের অনিদিষ্টকালের কর্মবিরতি

অনলাইন ডেঙ্ক



৩ দফা দাবি আদায় এবং শাহবাগে পুলিশি  
হামলার প্রতিবাদে আজ রবিবার (৯ নভেম্বর)  
থেকে দেশের সব প্রাথমিক বিদ্যালয়ে  
অনিদিষ্টকালের জন্য কর্মবিরতি (পাঠদান বন্ধ)  
পালনের ঘোষণা করা হবে। একই সঙ্গে  
রাজধানীতে কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান  
কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণাও দিয়েছেন  
আন্দোলনরত শিক্ষকরা।

গতকাল শনিবার (৮ নভেম্বর) সন্ধ্যা ৬টায়  
প্রাথমিক সহকারী শিক্ষক সংগঠন ঐক্য  
পরিষদের আহ্বায়ক ও প্রাথমিক বিদ্যালয়

সহকারী শিক্ষক সমিতির কেন্দ্রীয় সভাপতি

শামসুদ্দিন মাসুদ এ ঘোষণা দেন।

## পড়ুন



বৈষম্যবিরোধী আইনের অঙ্গীকার  
প্রয়োজন

তিনি বলেন, ‘দাবি বাস্তবায়ন ও পুলিশের  
হামলার প্রতিবাদে রবিবার থেকে শহীদ মিনারে  
অবস্থানের পাশাপাশি সারা দেশের সব প্রাথমিক  
বিদ্যালয়ে পূর্ণদিবস কর্মবিরতি চলবে।

,

এর আগে শামসুদ্দিন মাসুদ বলেন, ‘পুলিশ  
শিক্ষকদের ওপর রাবার বুলেট ছুড়েছে।  
আমাদের অনেক শিক্ষক গুলিবিদ্ধ। সাউন্ড  
গ্রেনেড ও টিয়ারশেলের আঘাতে শতাধিক  
শিক্ষক আহত হয়েছেন।’

## পড়ুন



বৈষম্যবিরোধী আইনের অঙ্গীকার  
প্রয়োজন

তিনি আরো বলেন, ‘আমাদের শতাধিক শিক্ষক  
আহত হয়েছেন।

অনেকের হাতে-পায়ে, পেটে রাবার বুলেট  
তুকেছে। পিজি হাসপাতালে ভর্তি একজনের  
কপালের পাশে রাবার বুলেট বিদ্ধ। আমাদের  
অনেক শিক্ষক ঢাকা মেডিক্যালে ভর্তি।'

এর আগে কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিত  
অবস্থান কর্মসূচি থেকে 'কলম বিসর্জন  
কর্মসূচি' পালনের ঘোষণা দেন শিক্ষকরা।

এরপরই তিন দফা দাবিতে কেন্দ্রীয় শহীদ মিনার  
থেকে শাহবাগের দিকে যাত্রা করেন প্রাথমিকের  
এ শিক্ষকরা। পরে পুলিশ তাদের বাধা দেয়।  
তারা জানান, দাবি পূরণ না হওয়া পর্যন্ত  
আন্দোলন চলবে।